দৈনিক খবর ৩১

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 07 AUG 1989
পৃষ্ঠা 1 কলাম 4

028

রমনা রেলওয়ে স্কুল

# অনশনের ৬ দিন পেরিয়ে গেছে

।। স্টাফ রিপোর্টার ।।

রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, কর্মচারী ও অভিভাবকেরা তাদের আমরন অনশন অব্যাহত রেখেছে। গতকাল রোববার অনশনের ৬ষ্ঠ দিনে ১২৭ ঘন্টা পার হয়েছে। ৩ দফা দাবী আদায় না হওয়া পর্যন্ত আমরণ অনশন অব্যাহত থাকবে বলেঅনশনকারীরাজানিয়েছেন।

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

# অনশনের ৬ দিন

প্রথম পৃষ্ঠার পর

এদিকে অনশনরতদের শারীরিক অবস্থার ক্রমানয়ে অবনতি ঘটছে। স্কুলের শিক্ষক মনি শংকর হালদার, নূরুল ইসলাম, সুলতান আহমদ, ছাত্র বিল্লাল হোসেন ও আরিফ হোসেনের অবস্থা আশংকাজনক। ইতিপূর্বেও অনশনরতদের বেশ কয়েকজনকে অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সরকারী হ্যান্ড আউটের দৃষ্টি আকর্ষণ করে স্কুল কর্তৃপক্ষ বলেছে, হ্যান্ড আউটে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক যে বক্তব্য রাখা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন। এতে আমাদের মূল দাবীকে উপেক্ষা করা হয়েছে। সেই সাথে অনিশ্চয়তার দিকে ঠেলে দেয়া হয়েছে স্কুলের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীদেরকে। অন্যদিকে অনশনরতদের প্রতি সমবেদনা জানিয়ে দেশের বেশ কয়েকটি সংগঠন তাদের দাবী মেনে দেয়ার জন্য সরকারের প্রতি আহবান জানিয়ে বিবৃতি দিয়েছে।

জাতীয় সংসদের বিরোধী দলীয় চীফ হুইপ নূর আল জিকু ও জাসদের সাধারণ সম্পাদক অধ্যাপক হুমায়ূন কবীর হিরু অনশনরতদের সাথে মিলিত হয়ে স্কুল স্থানান্তরের ফলে উদ্ভূত সমস্যা সমাধানের জন্য সরকারের নিকট দাবী জানিয়েছেন।

ভাসানী বিপ্লবী পরিষদের মাছুম হসেন রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের দাবী মেনে নেয়ার আহবান জানান।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের ছাত্রদের ন্যায়সঙ্গত দাবী মেনে নেয়ার জন্য এবং অনশন ধর্মঘটের সমর্থনে আজ সোমবার সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে জমায়েত শেষে শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি পেশ করবে।